গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

২৭/০৮/১৪২৪ বাংলা।

নথিঃ ডিজিএনএম/শা-৩/৪টি-৬৩(পার্ট-০১)/ভর্তি-২০১৭-১৮/ ৭২৬৭

তারিখঃ ১১/১২/২০১৭খ্রিঃ।

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা এর আওতাধীন নিম্নবর্ণিত ৩৮ (আটত্রিশ)টি সরকারি নার্সিং ইনস্টিটিউট/ নার্সিং কলেজে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ১ম বর্ষে ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| Institute Code | Name of the Nursing Institute/ Nursing College | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 1 | Dhaka Nursing College, Dhaka | Diploma in Midwifery | 50 |
| 2 | Rajshahi Nursing College , Rajshahi | Diploma in Midwifery | 25 |
| 3 | Chittagong Nursing College, Chittangong. | Diploma in Midwifery | 25 |
| 4 | Mymenshingh Nursing College, Mymenshingh | Diploma in Midwifery | 25 |
| 5 | Rangpur Nursing College, Rangpur | Diploma in Midwifery | 25 |
| 6 | Sylhet Nursing College, Sylhet | Diploma in Midwifery | 25 |
| 7 | Barisal Nursing College, Barisal | Diploma in Midwifery | 25 |
| 8 | Bogra Nursing College, Bogra | Diploma in Midwifery | 25 |
| 9 | Fouzderhat Nursing College, Chittangong | Diploma in Midwifery | 25 |
| 10 | Manikgonj Nursing College, Manikgonj | Diploma in Midwifery | 25 |
| 11 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Midwifery | 25 |
| 12 | Nursing Institute, Comilla | Diploma in Midwifery | 25 |
| 13 | Nursing Institute, Noakhali | Diploma in Midwifery | 25 |
| 14 | Nursing Institute, Tangail | Diploma in Midwifery | 25 |
| 15 | Nursing Institute, Faridpur | Diploma in Midwifery | 25 |
| 16 | Nursing Institute, Khulna | Diploma in Midwifery | 25 |
| 17 | Nursing Institute, Jessore | Diploma in Midwifery | 25 |
| 18 | Nursing Institute, Kushtia | Diploma in Midwifery | 25 |
| 19 | Nursing Institute, Satkhira | Diploma in Midwifery | 25 |
| 20 | Nursing Institute, Pabna | Diploma in Midwifery | 25 |
| 21 | Nursing Institute, Dinajpur | Diploma in Midwifery | 25 |
| 22 | Nursing Institute, Bogra | Diploma in Midwifery | 25 |
| 23 | Nursing Institute, Monshigonj | Diploma in Midwifery | 25 |
| 24 | Nursing Institute, Gopalgonj | Diploma in Midwifery | 25 |
| 25 | Nursing Institute, Hobigonj | Diploma in Midwifery | 25 |
| 26 | Nursing Institute, Chandpur | Diploma in Midwifery | 25 |
| 27 | Nursing Institute, Serajgonj | Diploma in Midwifery | 25 |
| 28 | Nursing Institute, Rajbari | Diploma in Midwifery | 25 |

| | | | |
|---|---|---|---|
| 29 | Nursing Institute, Jhenaidaha | Diploma in Midwifery | 25 |
| 30 | Nursing Institute, Joypurhat | Diploma in Midwifery | 25 |
| 31 | Nursing Institute, Kisoregonj | Diploma in Midwifery | 25 |
| 32 | Nursing Institute, Moulavi Bazar | Diploma in Midwifery | 25 |
| 33 | Nursing Institute, Feni | Diploma in Midwifery | 25 |
| 34 | Nursing Institute,Kurigram | Diploma in Midwifery | 25 |
| 35 | Nursing Institute, Perojpur | Diploma in Midwifery | 25 |
| 36 | Nursing Institute, Naogaon | Diploma in Midwifery | 25 |
| 37 | Nursing Institute, Rangamati | Diploma in Midwifery | 25 |
| 38 | Nursing Institute, Patuakhali | Diploma in Midwifery | 25 |
| | | Total | 975 |

**২ . ভর্তির জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলীঃ-**

ক) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা ও সু- স্বাস্থ্যের অধিকারী হতে হবে।

খ) যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে অনুষ্ঠেয় এস.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ২.৫০ এবং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ২.৫০ প্রাপ্ত মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

গ) শুধুমাত্র MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

ঘ) ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিয়ন্ত্রণ এবং ফলাফল চূড়ান্তকরণ ইত্যাদি কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হবে। উত্তরপত্র ওএমআর (OMR) মেশিনে পরীক্ষা করা হবে।

৩ . মোট আসনের মধ্যে ২০(বিশ)টি আসন মুক্তিযোদ্ধা পরিবারের কন্যা সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে এবং অবশিষ্ট আসনে ৬০% জাতীয় মেধা কোটায় ও ৪০%জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হবে। মুক্তিযোদ্ধা পরিবারের কন্যা সন্তানদের জন্য সংরক্ষিত ২০(বিশ)টি আসনে মুক্তিযোদ্ধাদের কন্যা সন্তান এবং মুক্তিযোদ্ধাদের সন্তানদের কন্যা সন্তানগণ আবেদন করতে পারবেন।

৪ . প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সুযোগ পাবে তা নির্ভর করবে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং তার দেয়া পছন্দের ক্রমানুসারে। প্রার্থী তার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পছন্দনীয় প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ না পেলে কর্তৃপক্ষের সিদ্ধান্তমতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অন্য যে কোন প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন।

**৫ . বর্ণিত কোর্সে ভর্তি জন্য অন-লাইনে আবেদনের নিয়মাবলীঃ-**

ক) ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ১ম বর্ষে শুধুমাত্র ছাত্রী ভর্তির ক্ষেত্রে প্রার্থী যে Center এ পরীক্ষা দিতে ইচ্ছুক সে Center এর কোড নম্বর অবশ্যই আবেদন করার সময় উল্লেখ করতে হবে। Center এর নাম কোড নম্বর নিম্নে প্রদত্ত হ'লঃ

| Name of Exam. Center | Code Number |
|---|---|
| DHAKA | 1 |
| CHITTAGONG | 2 |
| RAJSHAHI | 3 |
| KKHULNA | 4 |
| SYLHET | 5 |
| BARISAL | 6 |
| RANGPUR | 7 |

খ) বর্ণিত কোর্সে ভর্তির আবেদনের জন্য টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DGNM **<space>** M **<space>** HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর **<space>** HSC পরীক্ষার রোল নম্বর **<space>** HSC পাসের সন **<space>** SSC শিক্ষাবোর্ডের নামের ১ম তিন অক্ষর**<space>** SSC রোল নম্বর **<space>**SSC পাসের সন **<space>** বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ১০টি প্রতিষ্ঠানের (বিজ্ঞাপনে উল্লেখিত) কোড **<space>** প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কোড নম্বর **<space>** কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে 16222 নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কী-ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

**কোটার কী-ওয়ার্ডঃ** **মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর জন্য FF**

**শিক্ষা বোর্ডের কী-ওয়ার্ডঃ**

ঢাকা DHA, চট্টগ্রাম CHI, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট DIB, এইচএসসি ইন বিজনেস ম্যানেজমেন্ট HBM, কারিগরি শিক্ষা বোর্ড TEC

উদাহরণ ঃ DGNM M DHA 123456 2017 DHA 123458 2015 1, 2, 3, 14, 11, 27, 17, 5, 12, 19 1

উদাহরণটিতে দেখানো হয়েছে যে, আবেদনকারী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ভর্তির জন্য আবেদন করেছেন এবং তিনি ঢাকা শিক্ষাবোর্ড হতে HSC, SSC যথাক্রমে ২০১৭ ও ২০১৫ সালে পাস করেছেন। তার রোল নম্বর ছিল যথাক্রমে ১২৩৪৫৬ ও ১২৩৪৫৮ এবং তার কেন্দ্র কোড ছিল ঢাকা 1। বর্ণিত কোর্সে ভর্তির জন্য তার পছন্দক্রম ঢাকা নার্সিং কলেজ, রাজশাহী নার্সিং কলেজ,রাজশাহী, চট্টগ্রাম নার্সিং কলেজ,চট্টগ্রাম, নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল, নার্সিং ইনস্টিটিউট, মিটফোর্ড,ঢাকা, নার্সিং ইনস্টিটিউট,সিরাজগঞ্জ, নার্সিং ইনস্টিটিউট,যশোর, নার্সিং কলেজ, রংপুর, নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা, নার্সিং ইনস্টিটিউট, সাতক্ষিরা এবং সে ঢাকা Center এর অধিনে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক।

উদাহরণ ( মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য আবেদনের নমূনা)ঃ

DGNM M DHA 123456 2017 DHA 123458 2015 1, 2, 3, 14, 11, 27, 17, 5, 12, 19 1 FF

উদাহরণটিতে দেখানো হয়েছে যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটায় FF ভর্তির জন্য আবেদন করেছেন এবং তিনি ঢাকা শিক্ষাবোর্ড হতে দুটি পরীক্ষায় (এসএসসি ও এইচ এসসি) পাস করেছেন। এখানে তিনি ঢাকা বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক বিধায় তিনি কেন্দ্র কোড ব্যবহার করেছেন-1। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুলামের প্রার্থীগণ শিক্ষাবোর্ডের নামের জায়গায় OTH লিখে SSC এবং HSC Roll ও পাসের সন লিখে উপরের নিয়মে SMS করবেন।

উপরের মেসেজটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি মেসেজ এ আবেদনকারীর নাম ও একটি পিন নম্বর জানিয়ে ভর্তি পরীক্ষার আবেদন ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা কর্তনের সম্মতি চাওয়া হবে। নিম্নের নিয়মানুযায়ী আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। DGNM **<space>M<space>YES<space>PIN নম্বর <space>** আবেদনকারীর মোবাইল নম্বর যে কোন অপারেটরে) লিখে SMS পাঠাতে হবে। **পরবর্তী সময়ের জন্য পিন নম্বরটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।**

উদাহরণঃ DGNM M YES 654321 01XXXXXXXXX

এ উদাহরণে প্রদত্ত 654321 নম্বরের স্থলে আবেদনকারীর নিজ নিজ পিন নম্বর এবং 01XXXXXXXXX এর স্থলে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে সার্ভিস চার্জসহ আবেদনকারীর ভর্তি ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় ফি কাটা হবে না। সম্মতি জানিয়ে আবেদন করলে উক্ত আবেদন আর প্রত্যাহার করা যাবে না। আবেদনকারীর টেলিটক প্রি-প্রেইড মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকলে তা হতে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নেওয়ার পর একটি SMS এর মাধ্যমে প্রার্থী User ID ও Password জানিয়ে দেওয়া হবে।

**বিঃদ্রঃ-** উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে পাসকৃত প্রার্থীদের টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অন-লাইনে আবেদন করার পর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র (একসেট) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন) শেরেবাংলানগর, ঢাকা এর বরাররে প্রেরণের জন্য বলা হ'ল।

গ) **প্রবেশপত্র ডাউনলোডঃ**

আবেদন গৃহীত/গ্রহন হলে প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে SMS এর মাধ্যমে জানানো হবে এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েব সাইট (http://dgnm.teletalk.com.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। যোগ্য প্রার্থীকে প্রবেশপত্রের জন্য ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি স্ক্যান করে অথবা ডিজিটাল ক্যামেরায় ছবি উঠিয়ে ৩০০×৩০০ পিক্সেল সাইজের জেপিজি ফরমেটে Save করতে হবে(File size not more than 100kb)। প্রবেশপত্র ডাউনলোড হলে (http://dgnm.teletalk.com.bd) -তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password ইনপুট দিতে হবে। প্রদত্ত ইনপুট সঠিক হলে নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ছবি আপলোড করার অপশন পাওয়া যাবে। নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ছবি আপলোড করা হলে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টকৃত কপির নির্দিষ্ট স্থানে প্রার্থীকে স্বাক্ষর করে তা সংরক্ষণ করতে হবে।

৬। **কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না; অন্যথায় প্রমাণ স্বাপেক্ষে কোর্স হতে বহিস্কার করা হবে।**

৭। অধ্যয়ণকালে প্রতিষ্ঠানের নিয়ম মোতাবেক ছুটি ভোগ করতে পারবেন।

৮। অধ্যয়ণকালীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর আওতায় বাস্তবায়নাধীন নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস প্রোগ্রাম হতে নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

৯। অধ্যয়ণের সময় দিবা ও নৈশকালীণ ক্লিনিক্যাল প্র্যাকটিস করতে বাধ্য থাকবেন।

১০। অধ্যয়ণকালীন সময় ড্রেসকোড অনুযায়ী পোষাক পরিধান করতে হবে।

১১। অধ্যয়ণশেষে সরকারি চাকরির কোনরুপ নিশ্চয়তা দেওয়া হবে না।

১২। কোর্সে অধ্যয়ণকালীন সব ধরণের মাইগ্রেশন( অভিপ্রয়ান) বা বদলী সম্পূর্ণভাবে বন্ধ থাকবে।

১৩। ভর্তিকালীণ প্রদেয় কোন তথ্য ভুল প্রমানিত হলে / শৃঙ্খলা পরিপন্থি কোন কাজে লিপ্ত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৪। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচী নিম্নরূপঃ

| | |
|---|---|
| অন- লাইনে আবেদন শুরুর তারিখ | ১৭/১২/২০১৭খ্রিঃ সকাল ১০.০০ঘটিকা হতে |
| অন- লাইনে আবেদনের শেষ তারিখ | ৩১/১২/২০১৭খ্রিং রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ০৩/ ০১/২০১৮খ্রিঃ তারিখ রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে প্রবেশপত্র সংগ্রহের শেষ তারিখ | ১৫/০১/২০১৮খ্রিঃ তারিখ হতে ২০/০১/২০১৮খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ | ২৬/০১/২০১৮খ্রিঃতারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে সকাল ১১.০০ ঘটিকা |

১৫। ভর্তির সময় নিম্নবর্ণিত সনদপত্র ও ছবি জমা দিতে হবেঃ

ক) শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল / সাময়িক সনদপত্র।

খ) শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান পরীক্ষার মূল গ্রেডসীট।

গ) ০৩(তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, ছবিতে প্রার্থীর নাম লিখা থাকতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধা কোটায়( মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযোদ্ধা কোটার দাবীদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।

ঙ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি বৃহত্তম পার্বত্য চট্টগ্রাম ব্যতিত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব জেলার জেলা প্রশাসক কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদপত্র।

চ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত প্রবেশপত্র।

১৬। অন্যান্য লক্ষণীয় বিষয়সমূহঃ

ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই আপনা-আপনি ভর্তি বাতিল হয়ে যাবে;

খ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারা পরিবর্তন, সংশোধন,সংযোজন বা পূনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

এ বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েব- সাইট www.dgnm.gov.bd এ পাওয়া যাবে।

১৩.১২.১৭

তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।